



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নং- ৮০.০০.০০০০.১০৩.১১.০০৭.২২(অংশ-১)- ২১৯

তারিখ: ১৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের “ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার” (১০ম গ্রেড) পদের ব্যবহারিক পরীক্ষার (Operator “Standard Aptitude Test”) ফলাফল প্রকাশ।

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের “ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার” (১০ম গ্রেড) পদে সরাসরি নিয়োগের জন্য ২৫-০৩-২০২৫ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয় (বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-৯৪)। উক্ত পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা (Operator “Standard Aptitude Test”) ৩০-০৩-২০২৬ খ্রি: তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণকারী ১৬ জন প্রার্থীর মধ্যে নিম্নলিখিত ১৩ (তেরো) জন রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থী উত্তীর্ণ হয়েছেন:

**রেজিস্ট্রেশন নম্বর- 000032 000036 000037 000093 000135 000145 000177
000199 000208 000233 000276 000281 200039 = ১৩ (তেরো) জন।**


২. ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের BPS Form-5A (Applicant's Copy) এর সাথে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদির সত্যায়িত কপি জমা দিতে হবে :

- শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদসমূহ;
- ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর হিসেবে অন্যান্য ৫ বৎসরের অভিজ্ঞতার সনদ;
- “ও” লেভেলে এবং “এ” লেভেলে ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডিভিট গ্রহণযোগ্য হবে না;
- অনধিক ৩ মাস পূর্বে তোলা ০৩ [তিন] কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
- জাতীয় পরিচয়পত্র [NID];
- নাগরিকত্ব সনদ;
- লিখিত পরীক্ষার প্রবেশপত্র;
- সরকারি/আধারসকারি, স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিল স্বাক্ষরিত পিএসসির নির্ধারিত ফরমে ছাড়পত্র [প্রযোজ্য ক্ষেত্রে];
- সরকারি অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে ইস্তফা প্রদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশ [প্রযোজ্য ক্ষেত্রে];
- আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে স্থায়ী ঠিকানার স্বপক্ষে সনদ [প্রযোজ্য ক্ষেত্রে];
- বিদেশ হতে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইকুইভ্যালেন্স সনদ [প্রযোজ্য ক্ষেত্রে];
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পুত্র/কন্যাদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা প্রমাণক হিসেবে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রয়োজনীয় সনদের সত্যায়িত কপি;
- প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জারিকৃত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্রের সত্যায়িত কপি [প্রযোজ্য ক্ষেত্রে];

৩. উল্লিখিত প্রতিটি ডকুমেন্ট-এ প্রার্থীকে তার রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই লিখতে হবে।

৩০

৪. ব্যবহারিক পরীক্ষায় (Operator “Standard Aptitude Test”) উত্তীর্ণ প্রার্থীগণ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় কর্তৃক ২৫-০৩-২০২৫ তারিখে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী মূল আবেদন বিপিএসসি ফরম-5A [Applicant's Copy] কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd থেকে ডাউনলোড করে ২নং অনুচ্ছেদে উল্লিখিত কাগজপত্রসহ আগামী ৩১.০৩.২০২৬ খ্রি: তারিখ হতে ০৭.০৪.২০২৬ খ্রি: তারিখের মধ্যে সকাল ১০:০০ ঘটিকা থেকে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত (প্রতি কর্মদিবসে) পরিচালক, ইউনিট-৩, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এর দপ্তরে হাতে হাতে অথবা ডাকযোগে জমা প্রদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে জমাদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং তিনি মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
৫. প্রকাশিত ফলাফলে যুক্তিসংগত কারণে কোন সংশোধনের প্রয়োজন হলে কর্ম কমিশন তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।
৬. কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে কোনো মিথ্যা তথ্য উল্লেখ করলে আবেদনপত্র বাতিলের পাশাপাশি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থাও গ্রহণ করা হবে।
৭. ব্যবহারিক পরীক্ষার ফলাফল বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এবং নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
৮. **মৌখিক পরীক্ষার সময়সূচি ও পরীক্ষা সংক্রান্ত অন্যান্য বিস্তারিত তথ্যাবলী পরবর্তীতে কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।**



(দীলাওয়েজ দুরদানা)

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)